


মোঃ শহীদুল ইসলাম
ওয়াক্ফ প্রশাসক
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।

জনাব মোঃ শহীদুল ইসলাম বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৫ ব্যাচের একজন সদস্য। তিনি ১৯৬১ সালের ২৫শে জুন পূণ্যভূমি সিলেটে জন্মগ্রহণ করেন। জনাব মোঃ শহীদুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয় হতে সাধারণ ইতিহাসে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি মাঠ পর্যায়ে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি গাইবান্ধা জেলার জেলা প্রশাসক হিসেবেও দায়িত্ব পালন করেছেন। মাঠ প্রশাসনের এ সকল পদের দায়িত্ব ছাড়াও তিনি সহকারী সচিব স্থানীয় সরকার বিভাগ, উপসচিব প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয়, পরিচালক স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, যুগ্ম সচিব স্থানীয় সরকার বিভাগ এবং ম্যানেজার পাবলিক প্রাইভেট পার্টনারশীপ কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয় হিসেবে দায়িত্ব পালন করেন। দাপ্তরিক ও প্রশিক্ষণ সংক্রান্ত প্রয়োজনে থাইল্যান্ড, ভিয়েতনাম, মালয়েশিয়া, ফ্রান্স, যুক্তরাজ্য, জার্মানী, সুইজারল্যান্ড, মার্কিন যুক্তরাষ্ট্র, ইটালী, স্পেন, পর্তুগাল, অস্ট্রেলিয়া, সিংগাপুরসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন।


১৯/১১/১৭